

ব্রি উইডার পরিচিতি

ব্রি উইডার একটি আগাছা দমন যন্ত্র। হাত দিয়ে আগাছা দমন করতে অনেক সময় ও শ্রমিকের দরকার। এ থেকে উত্তরণের জন্য ব্রি-র খামার যন্ত্রপাতি ও ফলনোত্তর প্রযুক্তি বিভাগ ১৯৮৫ সালে ব্রি উইডার নামে একটি আগাছা দমন যন্ত্র উদ্ভাবন করেছে।

ব্রি উইডারের প্রয়োজনীয়তা

এ যন্ত্র দিয়ে সারিবদ্ধভাবে রোপণকৃত কাদাযুক্ত যে কোন প্রকার জমির আগাছা কম খরচে দমন করা যায়। মাঠ পর্যায়ে যন্ত্রটি ব্যাপকভাবে ব্যবহার হলে শস্য উৎপাদন খরচ উল্লেখযোগ্য হারে কমে যাবে। আউশ, আমন ও বোরো মৌসুমে সারিতে রোপণকৃত ধান ক্ষেতে আগাছা দমন কাজে ব্যবহার করা যায়। ড্রাম সীডার দিয়ে বপনকৃত জমির আগাছা দমনে অত্যন্ত কার্যকর।

প্রধান বৈশিষ্ট্যসমূহ:

- ▶ তৈরির উপাদান : স্টীলের পাইপ, এসএম ফ্লাটবার, প্লেইন শীট
- ▶ চালিকা শক্তি : মানব শ্রম
- ▶ কার্য ক্ষমতা : দৈনিক ৫০ শতাংশ জমির আগাছা দমন

খরচ ও লাভ:

- ▶ মূল্য : ৫০০ টাকা
- ▶ কার্যকরী জীবনকাল : ৫ বছর
- ▶ আনুমানিক ব্যবহার : প্রতি বছর ৬৪০ ঘণ্টা
- ▶ আনুমানিক খরচ : প্রতি বিঘা ১৮৫ টাকা
- ▶ লাভ : প্রতি বিঘা ৩০০ টাকা
- ▶ মূলধন ফেরত পাওয়ার সময়: ১১৫ ঘণ্টা

সুবিধা:

- ▶ যন্ত্রটি হালকা, বিধায় অনেক সময় ধরে ব্যবহার করা যায়
- ▶ হাতে নিড়ানোর চেয়ে ৪ ভাগের একভাগ সময় লাগে
- ▶ স্থানীয় ওয়ার্কশপে তৈরি ও মেরামত করা যায়

সীমাবদ্ধতা:

- ▶ শুধু সারিতে রোপণ এবং ড্রাম সীডার দিয়ে বপন করা ধান ক্ষেতে ব্যবহার করা যাবে
- ▶ আগাছা দমন করার জন্য জমিতে পানি থাকা দরকার

প্রাপ্তিস্থান

- ▶ জনতা মেশিন টুলস লিমিটেড, ২৯ দিলকুশা শিল্প এলাকা, ঢাকা-১০০০, ফোন : ৯৫৬৪১১১
- ▶ মেসার্স উত্তরণ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ (প্রাঃ) লি., কালিতলা, দিনাজপুর, ফোন: ০৫৩১-৬৩০০৪ (অনু)
- ▶ জে কে ইন্ডাস্ট্রিজ, ১৬ শের-ই-বাংলা রোড, কাটাসুর, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, ফোন: ৯১১১৯৪৭



ব্রি উইডার



ব্রি উইডার